গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(রাজস্ব শাখা)
www.sylhet.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৮.১৯.২৪৪.২২.৮৩৫

তারিখ : ২৭ বৈশাখ ১৪৩০
১০ মে ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার ০১ নভেম্বর ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৩২.১২.৪৫৮ নম্বর স্মারকে প্রদত্ত ছাড়পত্র এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের ০৫.৪৬.০০০০.০১০.১১.০০৪.১৯.৬৯ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে সিলেট জেলার রাজস্ব প্রশাসনের আওতাধীন রাজস্ব শাখা, ভূমি অধিগ্রহণ শাখা এবং উপজেলা ভূমি অফিসসমূহের নিম্নবর্ণিত শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে http://dcsylhet.teletalk.com.bd - এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না ।

| ক্রমিক নম্বর | পদের নাম | শূণ্য পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল,২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | ১২(বার) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ২. | নাজির-কাম-ক্যাশিয়ার | ১১(এগারো)টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৩. | সার্টিফিকেট পেশকার | ১২(বার) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৪. | সার্টিফিকেট সহকারী | ১২(বার) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৫. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৯(নয়) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |

আবেদনের শর্তসমূহ:

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০২. ক) আবেদনের সর্বশেষ তারিখ ১৩/০৬/২০২৩ তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা;

খ) এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২ মোতাবেক চাকরি প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ তারিখে সর্বোচ্চ বয়সমীমার মধ্যে থাকলেও প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

০৩. আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৪. সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতি পত্র/অনাপত্তি পত্র দাখিল করতে হবে;

০৫. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে এবং প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে উক্ত বিধিমালা মোতাবেক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

০৬. উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে;

০৭. মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল প্রকার সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

- ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে);
- খ) সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র / সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
- গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
- ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
- ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী ( বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র)।
- চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র ।
- ছ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- জ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-এ মর্মে আনসার ও ভিডিপি'র জেলা কমান্ডেন্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;
- ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিচয় বিষয়ক সনদপত্র;
- ট) প্রার্থীত কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;
- ঠ) ডাউনলোডকৃত Applicant's Copy এর সত্যায়িত কপি;
- ড) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;
- ঢ) কম্পিউটারে দক্ষতার প্রমাণসরুপ সকল সনদপত্র;

০৮. অসত্য/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে অথবা নিয়োগ প্রাপ্তির পরে অসত্য প্রমাণিত হলে তার আবেদন/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং অসত্য/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৯. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা;

১০. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১১. নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে;

১২. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না;

১৩. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৪. কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন/বিয়োজন এবং বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে ।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলীঃ

১৪) ক. পরীক্ষায় অংশগ্রহণেইচ্ছুক প্রার্থীগণ http://dcsylhet.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৪/০৫/২০২৩ খ্রি: সকাল ১০.০০ টা;

ii. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৩/০৬/২০২৩ খ্রি: বিকাল ০৫.০০টা;

iii. উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোনো teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে ;

গ. Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online- এ পূরনকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যাবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন;

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুল ভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy- তে একটি User ID দেওয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ক্রমিক ১-৫নং পর্যন্ত পদের জন্য ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ **২০০/-(দুইশত) টাকা** ও Teletalk-এর SMS সার্ভিস চার্জ বাবদ **২৩/- (তেইশ)** টাকাসহ অফেরতযোগ্য **মোট ২২৩/- (দুই শত তেইশ)** টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা"; Online- এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেনা;

নিয়মাবলীঃ

**প্রথম SMS:** DCSYLHET<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : **DCSYLHET ABCDEF** send to 16222

Reply: Applicant's Name **Tk.223/-** Will be Charged as application fee, Your PIN xxxxxxxx. To pay fee Type DCSYLHET <space>YES <space> PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DCSYLHET <space>**YES**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example : **DCSYLHET YES** xxxxxxxx & send to 16222.

Reply:Congratulations Applicant's Name payment completed successfully for **DCSYLHET** Application for xxxxxxxx USER ID is (ABCDEF) and password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcsylhet.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া, প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরন করা বাঞ্চনীয়;

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নেবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধু teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন;

User ID **জানা থাকলেঃ**

DCSYLHET <space>**Help**<space>**User** <space>**User ID** & send to 16222.

Example: **DCSYLHET Help User ABCDEF** & send to 16222.

PIN Number **জানা থাকলেঃ**

DCSYLHET <space>**Help**<space>**PIN**<space>**PIN NO** & send to 16222.

Example: **DCSYLHET Help PIN 12345678** & Send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ওয়েবসাইট www.sylhet.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhet.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা adcrsylhet@mopa.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DCSYLHET, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষার নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা প্রদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট
ফোন: ০৮২১-৭১৬১০০
Email:dcsylhet@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৮.১৯.২৪৪.২২. ৮৩৫

তারিখ : ২৭ বৈশাখ ১৪৩০ / ১০ মে ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮- শহীদ তাজউদ্দিন আহমদ স্মরণি, তেজগাঁও, ঢাকা- ১২০৮।
০৬। বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট বিভাগ, সিলেট।
০৭। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট বিভাগ, সিলেট।
০৮। জেলা প্রশাসক,.............................................(সকল)।
০৯। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট বিভাগ, সিলেট।
১০। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট বিভাগ, সিলেট।
১১। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন,আঞ্চলিক কার্যালয় ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট বিভাগ, সিলেট।

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৮.১৯.২৪৪.২২.৮৩৫ তারিখ : ২৭ বৈশাখ ১৪৩০ / ১০ মে ২০২৩

অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট ।

০২। পুলিশ সুপার, সিলেট।

০৩। সিভিল সার্জন, সিলেট।

০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি/সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।

০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), সিলেট।

০৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট।

১০। আরডিসি/এনডিসি/এলএও/জিসিও, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

১১। সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট।

১২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, গুলশান-১, ঢাকা। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৪। সহকারী কমিশনার, ........................................ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো ।

১৬। জেলা তথ্য অফিসার, সিলেট। জেলার গুরুত্বপূর্ণ এবং জনসমাগমপূর্ণ স্থানে জনস্বার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সিলেট (নিয়োগ বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোড করার অনুরোধসহ)।

১৮। সভাপতি/সেক্রেটারী, জেলা প্রেসক্লাব, সিলেট।

১৯। সভাপতি/সেক্রেটারী, সিলেট প্রেসক্লাব, সিলেট।

২০। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক পত্রিকা, ঢাকা। অত্র সাথে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৩/০৫/২০২৩ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এবং বিধি মোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশের বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত বরাদ্দ পাওয়ার পর দাবীকৃত বিলের টাকা পরিশোধ করা হবে।

২১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক উত্তরপূর্ব, সিলেট। অত্র সাথে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৩/০৫/২০২৩ তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এবং বিধিমোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশের বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত বরাদ্দ পাওয়ার পর দাবীকৃত বিলের টাকা পরিশোধ করা হবে।

২২। অফিস কপি/নোটিশ বোর্ড।

১০/৫/২০২৩

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট